গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সহকারী প্রোগ্রামার, জেলা কার্যালয় ঠাকুরগাঁও, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

ও

মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০১৭ - ৩০ জুন ২০১৮

## সূচিপত্র


| | |
|---|---|
| অধিদপ্তরের সার্বিক চিত্র | ৩ |
| উপক্রমণিকা | ৪ |
| সেকশন ১: অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলী (Functions) | ৫ |
| সেকশন ২: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয় ঢাকা এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| সেকশন ৩: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয় ঢাকা এর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭-৮ |
| সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms) | ১৩ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ | ১৪ |

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয় ঢাকা'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Department of ICT)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**আইসিটি অধিদপ্তরের সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন:**

গত ৩১/০৭/২০১৩ খ্রি. তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন এ অধিদপ্তর গঠিত হয়। সরকার ঘোষিত রূপকল্প - ২০২১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে উন্নিত করার লক্ষ্যে সরকারের সকল পর্যায়ে আইসিটি-র ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ ও সমন্বয় সাধন এ অধিদপ্তরের প্রধান কাজ। ইতোমধ্যে প্রধান কার্যালয়, ৬৪টি জেলা কার্যালয় এবং ৪৮৮টি উপজেলা কার্যালয় সেটআপ করা হয়েছে। অধিদপ্তরের অনুমোদিত মোট ৭৫৬ জন জনবলের মধ্যে ১৯৫ জন আইসিটি অফিসারসহ ২০২ জন কর্মকর্তা কর্মরত আছেন। ৩৩৩ জন প্রথম শ্রেণির কর্মকর্তা এবং ০৪ জন দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা পিএসসি-র মাধ্যমে নিয়োগ প্রদানের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। "তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫" এর গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর দুটি প্রকল্প হতে ২০০ জন আইসিটি কর্মকর্তাকে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ বিবেচনায় অধিদপ্তরের রাজস্বখাতে স্থানান্তর করা হয়েছে। "সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন" শীর্ষক প্রকল্পের মাধ্যমে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ২০০০ কম্পিউটার ল্যাব স্থাপনের প্রক্রিয়া জুন ২০১৬ -তে সমাপ্ত হয়।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

২০১৭-১৮ অর্থ বছরের মধ্যে জেলা কার্যালয় ও জেলাস্থিত উপজেলাসমূহে অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী জনবল প্রাপ্তি। টিওএন্ডইভুক্ত সকল যানবাহন, মালামাল ও অফিস সরঞ্জাম ক্রয়/সংগ্রহ। জেলা পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীদের আইসিটি/ই-সার্ভিস এর উপর প্রশিক্ষণ আয়োজন এবং প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রয়োজনীয় বাজেট প্রাপ্তি।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জেলা পর্যায়ে সকল সরকারি দপ্তর/প্রতিষ্ঠানে আইসিটির ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ ও সমন্বয় সাধনের মাধ্যমে ই-গভর্নেন্স বাস্তবায়ন। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব কেন্দ্রিক গঠিত আইসিটি ক্লাব এর সদস্যদের আইসিটিতে সচেতনতা বৃদ্ধি ও প্রয়োজনীয় পরামর্শ সেবা প্রদান এবং ক্লাবের সদস্যদের আইসিটি বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে ফ্রীলান্সিং -এ উদ্বুদ্ধকরণ।

**২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- জেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের আইসিটি/ই-সার্ভিস এর উপর প্রশিক্ষণ প্রদান।
- টিওএন্ডই অনুযায়ী সকল অফিস সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয় সম্পন্নকরণ।
- জেলায় স্থাপিত কম্পিউটার ল্যাবসমূহের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে সকল ল্যাব পরিদর্শন।
- শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠদানের ক্ষেত্রে মাল্টিমিডিয়া ক্লাসরুম ব্যবহারের প্রচলন বৃদ্ধিতে প্রয়োজনীয় সহায়তা প্রদান ও ইতিবাচক প্রভাব আনয়ন।

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সহকারী প্রোগ্রামার, জেলা কার্যালয় ঠাকুরগাঁও, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

এবং

মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর মধ্যে ২০১৭ সালের ........... মাসের ............... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

# তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), ও জেলা কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) এবং কার্যাবলি (Functions)

### ১.১ রূপকল্প (Vision):

জনগণের দোরগোড়ায় ই-সার্ভিস এর মাধ্যমে জ্ঞান-ভিত্তিক অর্থনীতি, সু-শাসন ও টেকসই উন্নতি নিশ্চিতকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

উচ্চ গতির ইলেক্ট্রনিক্স যোগাযোগ, ই-সরকার, দক্ষ তথ্য প্রযুক্তি মানবসম্পদ উন্নয়ন, সাইবার নিরাপত্তা, তথ্য প্রযুক্তিগত নিত্য-নতুন ধারণা বাস্তবায়ন, কার্যকর সমন্বয়সাধন, প্রযুক্তিগত ধারণা সকলের মাঝে বিস্তার নিশ্চিতকরণ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো, নির্ভরযোগ্য রক্ষণাবেক্ষণ পদ্ধতি এবং আকর্ষণীয় তথ্য প্রযুক্তি সার্ভিস প্রতিষ্ঠা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ জেলা কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. জনসাধারণকে আইসিটি ব্যবহারে সচেতন করা।
২. সরকারি কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি
৩. আইসিটির ব্যবহার বৃদ্ধি ও বিভিন্ন সমস্যার সমাধানকল্পে পরামর্শ প্রদান
৪. জেলা ও উপজেলা পর্যায়ে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিদর্শন
৫. ইনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।
৪. কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৫. কর্ম পরিবেশ উন্নয়ন
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলী (Functions):

১. সরকারের জেলা পর্যায়ে আইসিটি'র ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ ও সমন্বয় সাধন।
২. জেলা পর্যায় পর্যন্ত সকল দপ্তরে আইসিটি'র উপযুক্ত অবকাঠামো সৃষ্টিতে সহায়তা প্রদান, রক্ষণাবেক্ষণ এবং সাপোর্ট প্রদানে প্রধান কার্যালয়ের নির্দেশনা বাস্তবায়ন।
৩. জেলা পর্যায়ে তথ্য প্রযুক্তির কারিগরী ও বিশেষায়িত জ্ঞান হস্তান্তর।
৪. তৃণমূল পর্যায় পর্যন্ত জনগণকে ইলেকট্রনিক পদ্ধতিতে সেবা প্রদানে উদ্যোগ গ্রহণ এবং এ বিষয়ে তথ্য সংগ্রহ, বিতরণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা।
৫. মাঠ পর্যায়ে যন্ত্রপাতি ইত্যাদির চাহিদা, মান ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ/যাচাই বিষয়ে সহায়তা প্রদান।
৬. কম্পিউটার নেটওয়ার্ক, হার্ডওয়্যার ও সফটওয়্যারের স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন প্রণয়নের কাজে সহায়তা প্রদান।
৭. জেলা পর্যায়ে আধুনিক প্রযুক্তি আত্মীকরণে গবেষণা, উন্নয়ন ও সহায়তা প্রদান।

## সেকশন-২

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা কার্যালয় ঢাকা'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [Source of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| মাঠ পর্যায়ের সরকারি অফিসসমূহে ICT বিষয়ে সাপোর্ট/পরামর্শ প্রদান | পরামর্শ | সংখ্যা | - | ২০০ | ২৫০ | ৩০০ | ৩৫০ | জেলা কার্যালয়, ঠাকুরগাঁও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | জেলা কার্যালয় ঠাকুরগাঁও বার্ষিক প্রতিবেদন |
| মালটিমিডিয়া ক্লাসরুমের ব্যবহার বৃদ্ধি | গৃহীত ক্লাস | % | - | ১০% | ১৪% | ২৫% | ৩০% | জেলা কার্যালয়, ঠাকুরগাঁও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | জেলা কার্যালয় ঠাকুরগাঁও বার্ষিক প্রতিবেদন |
| শিক্ষা প্রতিষ্ঠানে ICT ব্যবহারের সুযোগ বৃদ্ধি | সুবিধাভোগী | % | - | ১১% | ২৫% | ৩০% | ৪০% | জেলা কার্যালয়, ঠাকুরগাঁও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | জেলা কার্যালয় ঠাকুরগাঁও বার্ষিক প্রতিবেদন |

## সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **জেলা কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] জনসাধারণকে আইসিটি ব্যবহারে সচেতন করা। | ৬০ | [১.১] জেলায় স্থাপিতি কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাবসমূহ পরিদর্শন | [১.১.১] জেলায় স্থাপিত কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাবসমূহ পরিদর্শন সম্পন্ন (প্রতিটি ল্যাব মাসে কমপক্ষে দুই বার) | সংখ্যা | ৩০ | - | ১৫ | ৯৬ | ৮৭ | ৭২ | ৬৮ | ৫৮ | ২০ | ২২ |
| | | [১.২] জেলা ও উপজেলা পর্যায়ে স্থাপিত ২০০১ টি কম্পিউটার ল্যাবে গঠিত ICT ক্লাব পরিদর্শন | [১.২.১] ল্যাবে গঠিত ICT ক্লাব পরিদর্শন সম্পন্ন | সংখ্যা | ১৫ | - | ৭ | ৯৬ | ৮৭ | ৭২ | ৬৮ | ৫৮ | ১০ | ১২ |
| | | [১.৩] ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন | [১.৩.১] ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন সম্পন্ন | সংখ্যা | ১৫ | | ১০ | ৬৩ | ৫১ | ৪৫ | ৩৮ | ৬৩ | ১৩ | ১৩ |
| | | [১.৪] আইসিটির ব্যবহার বৃদ্ধি ও বিভিন্ন সমস্যার সমাধানকল্পে পরামর্শ প্রদান | [১.৪.১] আইসিটির ব্যবহার বৃদ্ধি ও বিভিন্ন সমস্যার সমাধানকল্পে পরামর্শ প্রদানকৃত। | সংখ্যা | ১০ | - | ৭ | ১৭০ | ১৫০ | ১৩০ | ১২০ | ১১০ | ৮ | ৮ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| [২] সরকারি অফিসের কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি | ২০ | [২.১] সরকারি অফিসের কর্মকর্তা/ কর্মচারীদের ই-সার্ভিস সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান | [২.১.১] সরকারি অফিসের কর্মকর্তা/কর্মচারীদের ই-সার্ভিস সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানকৃত | প্রশিক্ষণার্থী সংখ্যা | ১০ | - | ৬ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৫০ | ৫ | ৭ |

## দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
## (মোট মান -২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৬ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৯ মে | ২২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০ জুন | - | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৪ জুলাই | ১৭ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদ চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদ চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২২ জানুয়ারি | ২৩ জানুয়ারি | ২৪ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ২৬ জানুয়ারি |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| [২] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives ) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [৩] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | | |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| [৪] কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফেব্রুয়ারি | ৩০ মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯ জুন |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| [৫] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময়ের মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি, প্রোগ্রামার, জেলা কার্যালয় ঢাকা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জণে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের দায়িত্বে নিয়োজিত সচিব এর প্রতিনিধি হিসেবে প্রোগ্রামার, জেলা কার্যালয় ঢাকা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে আইসিটি অধিদপ্তরের জেলা কার্যালয় ঢাকা -কে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

০৭.০৫.২৭

সহকারী প্রোগ্রামার
জেলা কার্যালয়, ঠাকুরগাঁও।
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

০৭.০৫.২৭
তারিখ

মহাপরিচালক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

বনমালী ভৌমিক
(অতিরিক্ত সচিব-৪৬৪৫)
মহাপরিচালক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭

০৭.০৫.২০২৭
তারিখ

## শব্দসংক্ষেপ
## (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ICT | Information and Communication Technology |
| ৫ | আইসিটি | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনলজি (ICT) |

সংযোজনী ২

**কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ**

| ক্র.নং. | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | [১.১.১] জেলায় স্থাপিতি কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাবসমূহ পরিদর্শন সম্পন্ন (প্রতিটি ল্যাব মাসে কমপক্ষে দুই বার) | জেলায় স্থাপিতি শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ভাষা প্রশিক্ষণ ল্যাবসমূহ পরিদর্শন (প্রতিটি ল্যাব মাসে কমপক্ষে দুই বার) | জেলা কার্যালয় ঠাকুরগাঁও, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | মাসিক প্রতিবেদন | |
| ০২ | [১.২.১] ল্যাবে গঠিত ICT ক্লাব পরিদর্শন সম্পন্ন | জেলায় স্থাপিতি শেখ রাসেল ডিজিটাল ল্যাবে গঠিত ICT ক্লাব পরিদর্শন | জেলা কার্যালয় ঠাকুরগাঁও, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | মাসিক প্রতিবেদন | |
| ০৩ | [১.৩.১] ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন সম্পন্ন | ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহের কার্যক্রম পর্যবেক্ষণ ও নিয়মিত রিপোর্ট আপলোড নিশ্চিতকরণের লক্ষ্যে পরিদর্শন | জেলা কার্যালয় ঠাকুরগাঁও, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | মাসিক প্রতিবেদন | |
| ০৪ | [১.৩.১] আইসিটির ব্যবহার বৃদ্ধি ও বিভিন্ন সমস্যার সমাধানকল্পে পরামর্শ প্রদানকৃত। | আইসিটির ব্যবহার বৃদ্ধি ও বিভিন্ন সমস্যার সমাধানকল্পে সরকারী কর্মকর্তা/কর্মচারীদের পরামর্শ প্রদান। | জেলা কার্যালয় ঠাকুরগাঁও, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| ০৫ | [২.১.১] সরকারি অফিসের কর্মকর্তা/কর্মচারীদের ই-সার্ভিস সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানকৃত | সরকারি অফিসের কর্মকর্তা/কর্মচারীদের ই-সার্ভিস সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান। | জেলা কার্যালয় ঠাকুরগাঁও, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন | |